সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩১২

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আল-মুনাফিকুন

بَابٌ: وَمِنْ سُورَةِ الْمُنَافِقِينَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ، قَالَ كُنْتُ مَعَ عَمِّي فَسَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ أُبَىِّ ابْنَ سَلُولَ، يَقُولُ لأَصْحَابِهِ : (لا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُّوا) و (لئِنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لَيُخْرِجَنَّ الأَعَزُّ مِنْهَا الأَذَلَّ) فَذَكَرْتُ ذَلِكَ لِعَمِّي فَذَكَرَ ذَلِكَ عَمِّي لِلنَّبِيِّ صلى الله عليه وسلم فَدَعَانِي النَّبِيُّ صلى الله عليه وسلم فَحَدَّثْتُهُ فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِلَى عَبْدِ اللَّهِ بْنِ أُبَىٍّ وَأَصْحَابِهِ فَحَلَفُوا مَا قَالُوا فَكَذَّبَنِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَصَدَّقَهُ فَأَصَابَنِي شَيْءٌ لَمْ يُصِبْنِي قَطُّ مِثْلُهُ فَجَلَسْتُ فِي الْبَيْتِ فَقَالَ عَمِّي مَا أَرَدْتَ إِلاَّ أَنْ كَذَّبَكَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَمَقَتَكَ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى : (إِذا جَاءَكَ الْمُنَافِقُونَ) فَبَعَثَ إِلَىَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَرَأَهَا ثُمَّ قَالَ " إِنَّ اللَّهَ قَدْ صَدَّقَكَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩৩১২. আবদ ইবন হুমায়দ (রহঃ) ...... যায়েদ ইবন আরকাম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেনঃ আমি আমার চাচার কাছে ছিলাম। এমন সময় শুনলাম আবদুল্লাহ ইবন উবাই ইবন সালুল তার সঙ্গিদের বলছেঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের কিছু দিবে না যতক্ষন না তারা (তাঁকে ছেড়ে) সরে পড়ে। আমরা মদীনায় ফিরে গেলে সেখান থেকে প্রবলরা দুর্বলদের (মুসলিমদের) আবশ্যই বের করে দেবে।

আমি আমার চাচার কাছে এ কথাটি বললাম। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বিষয়টি গোচরীভূত করলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ডেকে পাঠালেন। তখন আমি তার নিকট বিষয়টি বর্ণনা করলাম।

এরপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবদুল্লাহ ইবন উবাই ও তার সঙ্গিদেও ডেকে পাঠালেন। তারা কসম করে বলল তারা এরূপ কথা বলেনি। ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে মিথ্যাবাদী এবং তাকে সত্য বলে সাব্যস্ত করলেন। এতে আমার এমন কষ্ট লাগল যে এরূপ কষ্ট আর কিছুতে কোন দিন পাইনি। আমি আমার ঘরে বসে গেলাম। আমার চাচা আমাকে বললেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ক্রেধ ও তৎকর্তৃক মিথ্যাবাদী সাবস্ত হওয়াই কি তোমার অভিপ্রায় ছিল।

এ প্রসঙ্গে আল্লাহ তায়ালা নাযিল করেনঃ (إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ) যখন মুনাফিকরা তোমার নিকট আসে (সূরা আল মুনাফিকুন ৬৩ঃ ১)। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোক পাঠিয়ে আমাকে ডেকে আনলেন। আমাকে সূরাটি পড়ে শুনালেন। পরে বললেন আল্লাহ তায়ালা তোমার সত্যবাদীতার ঘোষনা দিলেন।

সহীহ, বুখারি ৪৯০০, ৪৯০৪, মুসলিম ৮/১১৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩১২ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটি হাসান সহীহ।

English

Zaid bin Aslam said:
“I was with my uncle when I heard Abdullah bin Ubayy bin Salul saying to his companions: Do not spend on those who are with the Messenger of Allah until they desert from him. If we return to Al-Madinah then the more honorable will expel the meaner among them. So I mentioned that to my uncle, then my uncle mentioned it to the Prophet. So the Prophet called for me to narrated it to him. Then the Messenger of Allah sent message to Abdullah bin Ubayy and his companions but they took an oath that they had not said it. So he did not believe me and he trusted what they said. I was struck with distress the likes of which I had not suffered before. So I just at in my house, and my uncle said to me: ‘You only wanted the Messenger of Allah to not believe you and hate you.’ Then Allah [Most High] revealed: ‘When the hypocrites come to you’ So the Messenger of Allah sent for me, and he recites it and said: ‘Indeed Allah has verified the truth of what you said.’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38703

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন